দৈনিক সংবাদ

তারিখ ... FEB. 8 ...1999 ...

পৃষ্ঠা ১২ কলাম ৮

সংসদে প্রশ্নোত্তর

# প্রধানমন্ত্রীর প্রটোকল কমানো হয়েছে

(সংসদ বার্তা পরিবেশক)

জাতীয় সংসদে মন্ত্রিপরিষদ বিভাগের দায়িত্বপ্রাপ্ত শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক গতকাল রোববার প্রশ্নোত্তরকালে বলেছেন, বিদেশ গমন ও দেশে প্রত্যাবর্তনকালে প্রধানমন্ত্রীর প্রটোকল আগের তুলনায় কমানো হয়েছে।

আওয়ামী লীগ দলীয় সদস্য হাজী মোঃ সেলিমের এক প্রশ্নের জবাবে মন্ত্রী একথা জানান। তিনি বলেন, বিগত সরকারের সময় সকল মন্ত্রী-প্রতিমন্ত্রীসহ অনেককে বিমানবন্দরে উপস্থিত থাকতে হতো। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর প্রটোকল কমানো হয় এবং এখন মাত্র ৩ জন সিনিয়র মন্ত্রীকে উপস্থিত থাকতে হয়।

বিএনপি দলীয় সদস্য মশিউর রহমান প্রধানমন্ত্রীর সাম্প্রতিক কলকাতা সফর উপলক্ষে এক বিতর্কিত প্রশ্ন করলে শিক্ষামন্ত্রী বলেন, কলকাতায় প্রধানমন্ত্রীকে অতিরিক্ত সম্মান দেয়া হয়েছে।

## বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠান মেরামতে বরাদ্দ ৮২ কোটি টাকা

আওয়ামী লীগের মাস্টার মজিবর রহমানের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানের তাৎক্ষণিক মেরামত ও সংস্কারে মোট ৮২ কোটি ৪৩ লাখ ৭৫ হাজার টাকা বরাদ্দ দেয়া হয়েছে। এতে এশীয় উন্নয়ন ব্যাংকের সাহায্যও রয়েছে একটি প্রকল্পে।

আওয়ামী লীগের আবদুল লতিফ মির্জার এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক ও কর্মচারীদের বেতনের সরকারি অংশ (৮০ ভাগ) মাসের ১০ তারিখের মধ্যে দেয়ার জন্য সংশ্লিষ্ট ব্যাংকসমূহকে নির্দেশ দেয়া হয়েছে।

বিএনপির এ কে এম হাফিজুর রহমানের এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, বর্তমানে দেশে প্রাক্কলিত শিক্ষার হার শতকরা ৫৬ ভাগ। তবে ১৯৯৭ সালের জরিপ অনুযায়ী শিক্ষার হার ৫১ দশমিক শূন্য এক ভাগ।

বিএনপির নূরুল আমিন তালুকদারের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, প্রাথমিক স্তরের ছাত্রছাত্রীদের জন্য ১৭ কোটি ৭১ লাখ ৬৪ হাজার ৭শ' ৬৫ টাকা খরচে ৫ কোটি ৫৪ লাখ ৭৯ হাজার ৬শ' ১৩ কপি বই ছাপানো হয়েছে।